মুজিবনগরে সড়ক দূর্ঘটনায় একজন নিহত

মুজিবনগরে মটরসাইকেলের সাথে ধাক্কা খেয়ে নিহত হয়েছেন ফিলু (৪৫) নামের একজন নিহত হয়েছে। শনিবার সন্ধ্যা সাড়ে সাতটার দিকে মুজিবনগর-মেহেরপুর সড়কের পুরন্দরপুর বাজারের কাছে এ দর্ঘটনা ঘটে। নিহত ফিলু মুজিবনগর উপজেলার পুরন্দরপুর গ্রামের মৃতঃ খেদের আলীর ছেলে।

স্থানীয়রা জানান, ফিলু সন্ধ্যার পর মাঠ থেকে বাইসাইকেলে করে ঘাস নিয়ে আসছিলো। এমন সময় তিনি পুরন্দরপর বাজারে পৌছালে মুজিবনগর থেকে একটি মটরসাইকেল মেহেরপুরের দিকে যাওয়ার সময় তাকে ধাক্কা মারে। পরে তিনি মাটিতে পড়ে যেয়ে ঘটনাস্থলেই তার মৃত্যু হয়।

এদিকে, মটরসাইকেল আরোহী ২ জনের ভিতরে ড্রাইভারের মাথায় হেলমেট থাকার কারনে তার তেমন ক্ষতি না হওয়ায় সে গাড়ি রেখে পালিয়ে গেলেও পিছনে বসে থাকা ব্যাক্তিটি পড়ে যেয়ে সেও গুরুতর আহত হওয়ায় তাকে উদ্ধার করে মেহেরপুর জেনারেল হাসপাতালে নিয়ে যাওয়া হয়।

মুুজিবনগর থানার পুলিশ পরিদর্শক (তদন্ত) শরিফুল ইসলাম সড়ক দর্ঘটনায় বৃদ্ধের মৃত্যুর বিষয় নিশ্চিত করেন।

মেহেরপুরে শীতার্তদের পাশে “মেহেরপুর ভাবনা”

মেহেরপুরের স্বেচ্ছাসেবী সংগঠনের উদ্দ্যোগে শীতার্তদের মাঝে শীতবস্ত্র বিতরণ করা হয়েছে। শনিবার বিকেলে মেহেরপুর গড় পুকুর পাড়ে অসহায় মানুষের মাঝে শীতবস্ত্র বিতরণ করা হয়।

স্বেচ্ছাসেবী সংগঠন মেহেরপুর ভাবনা’র সংগঠনটির সভাপতি তানভির আল মামুনের সভাপতিত্বে ও প্রধান সমন্বয়কারী রাতুল আহমেদের সঞ্চালনায় অনুষ্ঠানে মেহেরপুর সরকারি বালক উচ্চ বিদ্যালয় এস এস সি ২০০৯

ব্যাচের সহযোগিতায় প্রায় ৪২টি শাল চাদর, ২০ টি বাচ্চাদের হুডি বিতরণ করেছে। সে সাথে ইসলামিক কুইজ প্রতিযোগিতায় অংশগ্রহনকারী ৪০ জনকে পুরষ্কৃত করা হয়।

মেহেরপুর ভাবনা’র সাধারণ সম্পাদক শাকিল আহমেদ জানিয়েছে তারা আজ আনুষ্ঠানিকভাবে বিতরণ কাজ শুরু করেছে। শীতবস্ত্র বিতরণের ধারা আগামী দুই দিন অব্যাহত থাকবে। ইতোপুর্বে দুই বার শীতবস্ত্র বিতরণ করেছে। এসময় উপস্থিত ছিলেন সদস্য নুসরাত জামাল, শাকিলা ইয়াসমিন, মাইমুনা প্রমুখ।

কালীগঞ্জে গৃহবধূর লাশ নিয়ে মানববন্ধন

ঝিনাইদহ সদর উপজেলার কাষ্টসাগরা গ্রামে আরিফা খাতুন সোমা নামে এক গৃহবধুকে তার স্বামী পিটিয়ে হত্যা করেছে বলে অভিযোগ উঠেছে।

এ ঘটনায় নিহত গৃহবধুর গ্রামবাসীরা লাশ নিয়ে কালীগঞ্জ শহরের মেইন বাস্টস্ট্যান্ডে বিক্ষোভ মিছিল ও মানববন্ধন করেছে। নিহত আরিফা খাতুন সোমা জেলার কালীগঞ্জ উপজেলার ফয়লা গ্রামের নুর ইসলামের মেয়ে।

শনিবার বিকালে এ মানববন্ধন ও বিক্ষোভ মিছিলে নারী-পুরুষসহ বিভিন্ন শ্রেণী পেশার মানুষেরা অংশগ্রহণ করেন। মরদেহ কালীগঞ্জ মেইন বাসস্ট্যান্ড এলাকায় পৌঁছালে এক হৃদয় বিদারক দৃশ্যের অবতারণা হয়। এ সময় গ্রামবাসীরা বিচারের দাবিতে মরদেহ নিয়ে বিক্ষোভ মিছিল করেন।

মানববন্ধনে বক্তারা, অচিরেই গৃহবধু আরিফা খাতুন সোমা হত্যার সাথে জড়িতদের গ্রেফতার, দৃষ্টান্ত শাস্তি ও তার স্বামী ফরিদুল ইসলাম যেন বিদেশে পালাতে না পারে সেই দাবি করেন।

ঝিনাইদহের কাষ্টসাগরা গ্রামে বৃহস্পতিবার রাতে গৃহবধু আরিফা খাতুন সোমাকে শারিরীক নির্যাতন করার অভিযোগ করা হয়। গত

শুক্রবার সকালে তার মৃত্যু হয়। এ ঘটনার পর থেকে ফরিদুল ইসলামসহ তার পরিবারের সদস্যরা পলাতক রয়েছে।

দর্শনায় “যুব সাহায্য সংস্থা ব্যাচ-৮৭”র ফ্রি মেডিকেল ক্যাম্প অনুষ্ঠিত

চুয়াডাঙ্গার দর্শনায় “যুব সাহায্য সংস্থা ব্যাচ-৮৭” এর উদ্দ্যোগে ফ্রি মেডিকেল ক্যাম্প অনুষ্ঠিত হয়েছে। শনিবার বেলা ১১ টায় চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার দর্শনা বাসস্ট্যান্ড চত্বরের মান্দার আলীর জন্ডিস চিকিৎসালয়ের নিকট “যুব সাহায্য সংস্থা ব্যাচ-৮৭”র অফিস কার্যালয়ে।

এ ফ্রি মেডিকেল ক্যাম্প উপলক্ষে “যুব সাহায্য সংস্থা ব্যাচ-৮৭” এর সভাপতি ডি,কার্ড (কোর্স) সিনিয়র জেনারেল প্রাকটিশনার এমবিবিএস ডাঃ মোঃ জাহাঙ্গীর আলমের সভাপতিত্বে অনুষ্ঠানে আলোচনা করেন দামুড়হুদা উপজেলার স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডাঃ আবু হেনা মোঃ জামাল শুভ।

দর্শনা যুব সাহায্য সংস্থার সাধারন সম্পাদক কামাল উদ্দিন আহম্মেদ সান্টুর সার্বিক ব্যবস্থাপনা ও উপস্থাপনায় অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসাবে উপস্থিত থেকে আলোচনা করেন, দামুড়হুদা উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা আব্দুল্লাহ আল মামুন, দর্শনা পৌর আ.লীগের সভাপতি জাহিদুল ইসলাম, সাধারন সম্পাদক আব্দুল হাকিম। এছাড়াও উপস্থিত ছিলেন যুব সাহায্য সংস্থা ব্যাচ-৮৭ নের্তৃবৃন্দ সহ সদস্যরা।

এসময় “যুব সাহায্য সংস্থা ব্যাচ-৮৭ এর সারাদিন ব্যাপী বিভিন্ন ধরনের রোগীর চিকিৎসা প্রদানের পাশাপাশি ই,সি,জি, ডায়াবেটিকস (গ্লুকোজ) পরিক্ষা ও ফ্রি ঔষধ প্রদান করা হয়।

দর্শনা কেরুজ চিনিকলে আখ মাড়াই মৌসুমের শুভ উদ্বোধন

চুয়াডাঙ্গার দর্শনা কেরু এ্যান্ড কোম্পানী চিনিকলে আখ মাড়াই মৌসুমের শুভ উদ্বোধন করা হয়েছে। মাড়াই মওসুম উদ্বোধন উপলক্ষে শুক্রবার বিকাল ৩টায় কেরুজ কেইন কেরিয়ার চত্বরে মিলাদ মাহফিল ও দোয়া অনুষ্ঠানের আয়োজন করা হয়।

কোম্পানীর চিনি কারখানায় শুধুমাত্র গত মৌসুমেই ৭২ কোটি টাকার লোকসানের বোঝা মাথায় নিয়ে ৩জন মন্ত্রী এবং বিপুল সংখ্যক অতিথির উপস্থিতিতে চিনিকলের কেইন কেরিয়ার চত্বরে শুধুমাত্র দোয়া মাহফিলের পরপরই শিল্প সচিব জাকিয়া সুলতানার সভাপতিত্বে কেইন কেরিয়ারে (ডোঙ্গায়) আখ নিক্ষেপের মধ্যদিয়ে মাড়াই কার্যক্রমের উদ্বোধন করেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় শিল্প মন্ত্রী নূরুল মজিদ মাহমুদ হুমায়ন, বাণিজ্য মন্ত্রী টিপু মুনশি, শিল্প প্রতিমন্ত্রী কামাল আহমেদ মজুমদার, বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প করপোরেশনের চেয়ারম্যান আরিফুর রহমান অপু, চুয়াডাঙ্গা-২ আসনের মাননীয় সংসদ সদস্য হাজী মোঃ আলী আজগার টগর, চুয়াডাঙ্গা জেলা প্রশাসক মোঃ নজরুল ইসলাম সরকার, পুলিশ সুপার মোঃ জাহিদুল ইসলাম, দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার তাছলিমা আক্তার, চিনিকলের ব্যবস্থাপনা পরিচালক মোহাম্মদ মোশারফ হোসেন।

এ ছাড়াও অন্যান্যর মধ্যে উপস্থিত ছিলেন কেরু এ্যান্ড কোম্পানী চিনিকল শ্রমিক-কর্মচারী ইউনিয়নের সভাপতি ফিরোজ আহম্মেদ সবুজ, সাধারণ সম্পাদক মাসুদুর রহমান, সহ এলাকার আখচাষী নেতৃবৃন্দ।

উদ্বাধনী অনুষ্ঠান শেষে কেরুজ ট্রেনিং কমপ্লেক্স থেকে দেশের ১৫টি চিনিকলের ব্যবস্থাপনা পরিচালক ও আখ চাষিদের সাথে ভার্চুয়াল বৈঠক করেন মন্ত্রী, সচিব ও চেয়ারম্যান।

উল্লখ্য, চলতি মাড়াই মৌসুমে কেরু কোম্পানীর ইতিহাস সর্বনিন্ম মাত্র ৪৪ কার্যদিবসে ৫৬ হাজার মেট্রিকটন আখ মাড়াই করা হবে। এরমধ্যে চিনিকলের নিজস্ব জমিতে ৯৮৯ একর এবং কৃষকের ৩ হাজার ৬৩৮ একর জমির আখ যা মাড়াই করে ৭ দশমিক হারে ৩ হাজার ৩৮৯ মেট্রিকটন

চিনি উৎপাদনের লক্ষ্যমাত্রা নির্ধারন করা হলেও লক্ষ্যমাত্রা অর্জিত হবার সম্ভাবনা ক্ষীণ।

আলমডাঙ্গায় স্কুল ছাত্রী হত্যার দৃষ্টান্তমূলক শাস্তি ও ফাঁসির দাবিতে বিক্ষোভ মিছিল ও মানববন্ধন

আলমডাঙ্গার মাদারহুদা গ্রামে ১ম শ্রেণীর ছাত্রী মরিয়ম হত্যা মামলায় হত্যাকারীদের দৃষ্টান্তমূলক শাস্তি ও ফাঁসির দাবিতে গ্রামজুড়ে বিক্ষোভ মিছিল ও মানববন্ধন করেছে শিক্ষার্থী, অভিভাবক ও এলাকাবাসী।

বৃহস্পতিবার বেলা ১১টার দিকে মাদারহুদা প্রাথমিক বিদ্যালয় প্রাঙ্গণ থেকে বিক্ষোভ মিছিলটি গ্রামের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে। পরে আলমডাঙ্গার মাদারহুদা প্রাথমিক বিদ্যালয়ের সামনে এক বিশাল মানববন্ধন অনুষ্ঠিত হয় ।

উল্লেখ্য, গত ৯ ডিসেম্বর আলমডাঙ্গা উপজেলার মাদারহুদা গ্রামের পুকুর থেকে ১ম শ্রেণীর ছাত্রী মরিয়মের ডুবন্ত শিশুর লাশ উদ্ধার করে পুলিশ। লাশ উত্তোলনের পর শিশুর দু’কানের দুল না থাকায় পরিবার হত্যার অভিযোগ তোলেন। এ ঘটনায় ৪ জনকে বাদিকে করে আলমডাঙ্গা থানায় হত্যা মামলা দায়ের করেন স্কুল ছাত্রীর পিতা খাইরুল ইসলাম।

গত ১১ তারিখে আলমডাঙ্গা থানা পুলিশ হত্যা মামলার প্রধান আসামি রানাকে গ্রেফতার করে জেল হাজতে প্রেরণ করে।
এরই পরিপ্রেক্ষিতে পরিবার, এলাকাবাসী ও স্কুলের সহপাঠি শিক্ষার্থীরা অবিলম্বে পলাতক আসামিদের গ্রেফতার ও খুনিদের ফাঁসির দাবিতে মানববন্ধন করেন।

মানববন্ধনে অংশ নেয় মাদারহুদা প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক দিলরুবা, সহকারি শিক্ষক আশরাফুল ইসলাম, আনারুল হোসেন, আলমঙ্গীর হোসেন, রিক্তা খাতুন, মাদারহুদা প্রাথমিক বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সভাপতি আবেদুর রহমান, সহ-সভাপতি ইসলাম, মোশারেক, রহিদুল, আলাউদ্দিন, বাবলু, লাবলু, মোজাম্মেল হক, ইছা হক, সামসুল ইসলামসহ মাদারহুদা প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থী, অভিভাবকসহ শত শত নারী পুরুষ অংশ গ্রহন করে।

খালেদা জিয়ার মুক্তির দাবিতে কোটচাঁদপুরে বিএনপি’র প্রস্তুতি সভা

বিএনপি চেয়ারপার্সন বেগম খালেদা জিয়ার মুক্তি ও বিদেশে উন্নত চিকিৎসার দাবিতে ঝিনাইদহের কোটচাঁদপুরে কেন্দ্রীয় কর্মসূচির অংশ হিসাবে আগামী ২৯ ডিসেম্বর জেলা ভিত্তিক মহা সমাবেশের প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়েছে।

বৃস্পতিবার বিকালে উপজেলা ও পৌর বিএনপির আয়োজনে স্থানীয় মেইন বাসষ্টান্ডে উপজেলা বিএনপির কার্যালয়ে এ প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। পৌর বিএনপির সভাপতি ও সাবেক পৌর মেয়র সালাহউদ্দীন বুলবুল সিডলের সভাপতিত্বে সভায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, জেলা বিএনপির সিনিয়র যুগ্ন-আহ্বায়ক ও সাবেক পৌর মেয়র আব্দুল মালেক।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, জেলা বিএনপির যুগ্ন-আহ্বায়ক জাহিদুর রহমান মনা, কেন্দ্রীয় মৎস্যজীবি দলের যুগ্ন-আহ্বায়ক ওয়াজেদ আলী।

এসময় বক্তব্য রাখেন, উপজেলা বিএনপি’র সভাপতি অধ্যাপক আব্দুর রাজ্জাক, সাবেক উপজেলা ভাইস চেয়ারম্যান ও ইউনিয়ন বিএনপি’র সভাপতি মোঃ ইকরামুল হক, পৌর বিএনপি’র সাধারণ সম্পাদক আবুল কাশেম, সাংগঠনিক সম্পাদক মীর্জা টিপু, উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক মোঃ লিয়াকত আলী প্রমূখ। এসময় পৌর ও উপজেলা বিএনপি এবং অঙ্গ

সংগঠনের বিভিন্ন নেতা-কর্মীরা উপস্থিত ছিলেন।

গাংনীতে পোড়ানো হলো অপ্রয়োজনীয় দেড়লাখ লেমিনেটেড এনআইডি কার্ড

স্মার্ট কার্ড প্রদান করায় মেহেরপুরের গাংনী উপজেলায় অপ্রয়োজনীয় হয়ে পড়ে অন্তত দেড়লাখ পেপার লেমিনেডেট এনআইডি কার্ড। জাতীয় নির্বাচন কমিশনের আদেশে পুড়িয়ে ফেলা হয়েছে অপ্রয়োজনীয় ওই কার্ডগুলি ।

জাতীয় নির্বাচন কমিশনের সিদ্ধান্তে এগুলো পোড়ানোর সিদ্ধান্ত গ্রহণ করেন উপজেলা নির্বাচন অফিস। সে অনুযায়ি বৃহষ্পতিবার বিকেলে একটি কমিটি গঠন সাপেক্ষে উপজেলা চত্ত্বরে এনআইডি কার্ড পোড়ানো হয়।

গাংনী উপজেলা নির্বাচন অফিসার আব্দুল আজিজ জানান, সরকারী সিদ্ধান্ত অনুযায়ি স্মাট কার্ড প্রদান করার পর পেপার লেমিনেটেড আইডি কার্ড জমা রাখা হয়। এগুলোর ভবিষ্যত নির্ধারণীর জন্য জাতীয় নির্বাচন কমিশনে চিঠি দেয়ার পর আইডি কার্ডগুলো পুড়িয়ে ফেলার সিদ্ধান্ত দিয়ে চিঠি দেন।

সে অনুযায়ি একটি কমিটি গঠণ সাপেক্ষে এগুলো পোড়ানো হয়। তিনি আরো বলেন, উপজেলার ৯টি ইউনিয়নের দেড় লাখ মানুষের স্মার্টকার্ড প্রদান করা হয়। নিয়মানুযায়ী লেমিনেটেড এনআইডি কার্ড জমা রাখা হয়েছিল। সেগুলি মানুষের আর প্রয়োজন নেই তাই এগুলি জ্বালিয়ে দেয়া হলো।

কমিটির সদস্যরা হলেন- উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাচন অফিসার, জনস্বাস্থ্য প্রকৌশলী, উপজেলা বন বিভাগ ও গাংনী থানা। ৫সদস্য কমিটির উপস্থিতিতে আগুনে জ্বালিয়ে অপ্রয়োজনীয় এনআইডি কার্ড ধ্বংস করা হয়।

দামুড়হুদা বীর মুক্তিযোদ্ধা আয়ুব আলীকে রাষ্ট্রীয় মর্যাদায় দাফন

দামুড়হুদা উপজেলার নাটুদাহ ইউনিয়নের ছাতিয়ানতলা গ্রামের বীর মুক্তিযোদ্ধা আয়ুব আলীকে রাষ্ট্রীয় মর্যাদায় দাফন করা হয়েছে।

বৃহস্পতিবার বেলা সাড়ে ১১ টার দিকে ছাতিয়ানতলা ঈদগাহ মাঠে রাষ্ট্রীয় মর্যাদা শেষে ছাতিয়ানতলা কবরস্থানে দাফন করা হয়েছে। বীর মুক্তিযোদ্ধা আয়ুব আলীকে গার্ড অব অনার প্রদান করেন উপজেলা সহকারি ভূমি কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট সুদীপ্ত কুমার সিংহ এর নেতৃত্বে একদল চৌকস পুলিশ সদস্য টিম।

এই সময় আরো উপস্থিত ছিলেন স্থানীয় জনপ্রতিনিধি, আওয়ামী লীগের বিভিন্ন পর্যায়েরর নেতা কর্মীরা উপস্থিত ছিলেন।

দামুড়হুদায় নবনির্বাচিতদের দায়িত্ব ভার গ্রহণে আলোচনা ও দোয়া অনুষ্ঠান

দামুড়হুদা সদর ইউপির নবনির্বাচিতদের দায়িত্বভার গ্রহন আলোচনা সভা ও দোয়া অনুষ্ঠান দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের নবনির্বাচিত চেয়ারম্যান ওসদস্যদের দায়িত্বভার গ্রাহণে আলোচনা সভা ও দোয়া অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

বৃহস্পতিবার বিকেলে দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের আয়োজনে পরিষদচত্বরে দায়িত্বভার গ্রহণ উপলক্ষে অনুষ্ঠানিক আলোচনা সভা ও

দোয়া অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের নবনির্বাচিত চেয়ারম্যান হযরত আলির সভাপতিত্বে আলোচনা সভা ও দোয়া অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বক্তব্য রাখেন দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান আলি মুনছুর বাবু।

বিশেষ অতিথির বক্তব্য রাখেন জেলা পরিষদের সদস্য শফিউল কবির ইউসুফ। এসময় উপস্থিত ছিলেন দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের নবনির্বাচিত মেম্বার লিয়াকত আলি, জাহিদুল ইসলাম, হাসান আলি, কামরুজ্জামান, আব্দুল আলিম, নুরুল ইসলাম, আশরাফুল আলম সুমন, সামসুল ইসলাম, মতিয়ার রহমান, সংরক্ষিত মহিলা মেম্বার শাহানাজ খাতুন, রুপালি খাতুন, হাসিনা খাতুন।

এছাড়াও উপস্থিত ছিলেন আওয়ামীলীগনেতা জসিম উদ্দিন, মোজাফফর হোসেন, হযরত আলি, সাইদুর রহমান টোকন, দামুড়হুদা উপজেলা যুবলীগনেতা মহাসিন আলি সহ উপজেলার বিভিন্ন গ্রাম থেকে আগত শত শত নেতাকর্মী ও সাধারণ মানুষ উপস্থিত ছিলেন। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন দামুড়হুদা উপজেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক সাজু আহম্মেদ রিংকু। আলোচনা সভার শুরুতেই প্রধান অতিথি সহ নবনির্বাচিতদের ফুলেল শুভেচ্ছা দিয়ে বরণ করে নেই দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের সচিব শামীম রেজা।